

আপনার বাড়িতে স্যাঁতসেঁতে ভাব ও মোন্ড নিয়ন্ত্রণ

স্যাঁতসেঁতে ভাব, মোন্ড ও ঘনীভবন কী?



স্যাঁতসেঁতে ভাব হল একটি বিল্ডিং বা বাড়িতে অতিরিক্ত আর্দ্রতা তৈরি করা। এটি পানির ফুটো, কাঠামোগত সমস্যা বা সম্পত্তিতে বাহ্যিক উৎস থেকে পানি প্রবেশের কারণে হতে পারে। যদি ঠিক না করা হয়, তবে এটি ছত্রাক জন্মানোর জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করতে পারে।



মোন্ড হল এক ধরনের ছত্রাক যা যেখানেই স্যাঁতসেঁতে থাকবে সেখানেই বৃদ্ধি পাবে। দেয়াল, ছাদ, রঙের আস্তরণ এবং পৃষ্ঠের উপর কালো পিনের ছিদ্র রূপে মোন্ড দেখা দিতে পারে এবং প্রায়শই এটিতে একটি মৃদু গন্ধ থাকে।



ঘনীভবন হল ঠান্ডা পৃষ্ঠের সাথে মিলিত হওয়ার ফলে উষ্ণ বাতাসের পানির ফোঁটায় রূপান্তর। এটি কাচ, দেয়াল এবং টাইলসের মতো পৃষ্ঠগুলিতে হতে পারে।

আমি আমার বাড়িতে কিভাবে স্যাঁতসেঁতে ভাব কমাতে পারি?



প্রতিদিন এক ঘন্টার জন্য আপনার বাড়িতে বিশুদ্ধ বাতাস আসতে দিন, এটি বাইরের শুষ্ক বায়ু দিয়ে আর্দ্র বাতাসকে প্রতিস্থাপন করবে।


ঘরের বিপরীত প্রান্তে, উপরে এবং নিচে আপনার জানালাগুলি সামান্য খুলুন। ভিতরের দরজা খোলা রাখুন যাতে বাতাস চারপাশে যেতে পারে।

জানালা, দরজা ও বায়ু চলাচলের পথ

আপনার জানালায় জমে থাকা পানি মুছে ফেলুন

দিনের বেলা পর্দা খোলা রাখুন

কখনও বায়ু চলাচলের ইট বন্ধ বা ঢেকে রাখবেন না



সারা বছর খোলা জানালার ড্রিকল ভেন্ট খোলা রাখুন

নিয়মিতভাবে আপনার বাড়ির বাইরে কোনো ক্ষতি বা ছিদের লক্ষণের বিষয়ে পরীক্ষা করুন এবং যত তাড়াতাড়ি সম্ভব আমাদের কাছে যেকোনো সমস্যা নিয়ে রিপোর্ট করুন

গোছল করা/বাথিং

স্নান বা গোসল করার পরে, বাথরুমের জানালা 30 মিনিটের জন্য খোলা রাখুন এবং ব্যবহারের পরে যেকোনো ভেজা জায়গা মুছে ফেলুন

প্রথমে ঠান্ডা জল দিয়ে আপনার বাথটি পূরণ করুন এবং তারপর গরম জল যোগ করুন, এটি 90% আর্দ্রতা হ্রাস করে

আপনার যদি এক্সট্রাক্টর ফ্যান থাকে তবে গোছলের সময় সর্বদা সেগুলি ব্যবহার করুন


ব্যবহারের সময় এবং পরে আপনার বাথরুমের দরজা বন্ধ রাখুন



হিটিং

রেডিয়েটারে কাপড় শুকাবেন না - কোনো খোলা জানালার সামনে কাপড়ের র‍্যাক ব্যবহার করা যেতে পারে

শীতকালে 30 মিনিটের জন্য দিনে অন্তত দুবার আপনার হিটিং চালু করুন - ভোরে এবং সন্ধ্যায়



আপনার বাড়ি 18 - 22 °C এর মধ্যে গরম রাখুন

আপনার বাড়ি

নিশ্চিত করুন যে দেয়াল এবং ছাদ ভাল অবস্থায় আছে - প্রতি কয়েক বছর পর পর নতুন করে সাজালে তা এতে সাহায্য করতে পারে

আসবাবপত্র এবং জিনিসপত্র আপনার দেয়াল থেকে দূরে রাখুন - উন্নত বায়ু চলাচলের জন্য একটি ফাঁক রাখুন

প্রতিদিন সকালে 15 মিনিটের জন্য আপনার বাড়ির বিপরীত দিকের জানালা খুলে বায়ু চলাচল বাড়ান

ওভার দ্য কাউন্টার অ্যান্টি-মোল্ড স্প্রে বা পেইন্ট ব্যবহার করে আপনার বাড়িতে মোল্ডের যেকোনো ছোটখাটো সমস্যার সমাধান করুন



কুকিং/রান্নাবান্না

রান্না করার সময়
পাত্র ঢেকে রাখার
জন্য ঢাকনা
ব্যবহার করুন

আপনার যদি এক্সট্রাক্টর
ফ্যান থাকে, তবে রান্না
করার সময় সবসময় সেগুলি
ব্যবহার করুন

ব্যবহারের সময় এবং পরে
আপনার রান্নাঘরের দরজা
বন্ধ রাখুন

আপনার বাড়িতে স্যাঁতসেঁতে ভাব ও মোল্ড
নিয়ন্ত্রণের বিষয়ে আরও সহজ তথ্যের জন্য
আমাদের ওয়েব পেজটি দেখুন।

স্যাঁতসেঁতে ভাব ও মোল্ড বিষয়ক আপনার যেকোনো
সমস্যার বিষয়ে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের কাছে
রিপোর্ট করা সত্যি গুরুত্বপূর্ণ। 0345 60 20 540 এ
আমাদের হাবে কল করে আপনি এটি করতে পারেন।



আরও তথ্যের জন্য
এখানে স্ক্যান করুন

